

U.G. 6th Semester Examination - 2021**BENGALI****Course Code: BBNGDSHT4****Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক ও বিশ শতকের প্রথমার্ধ)**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) শ্রীরামপুর মিশন থেকে কোন্ গ্রন্থটি সর্বপ্রথম মুদ্রিত হয়?
- খ) রামমোহন রায়ের 'গোস্বামীর সহিত বিচার' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- গ) 'সমাচার চন্দ্রিকা' পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?
- ঘ) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকাটির নাম লেখো।
- ঙ) কালীপ্রসন্ন সিংহ যে রঙ্গমঞ্চটি স্থাপন করেছিলেন তার নাম কী?
- চ) 'বীরবাহু কাব্য' কে রচনা করেছিলেন?
- ছ) গিরীন্দ্রমোহিনী দাসী রচিত 'স্বদেশিনী' কাব্যগ্রন্থে কতগুলি কবিতা আছে?

[পরের পাতায়]

- জ) দীনবন্ধু মিত্রের 'বিয়ে পাগলা বুড়ো' কোন্ প্রহসনের অনুসরণে রচিত?
- ঝ) 'মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায়'— ব্যাঙ্গাত্মক গদ্যরচনাটি কে লিখেছিলেন?
- ঞ) 'সাধনা' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
- ট) রবীন্দ্রনাথ ঠাকুরের 'চোখের বালি' উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ঠ) 'ফেরারী ফৌজ' কাব্যগ্রন্থটি কে লিখেছিলেন?
- ড) 'আরণ্যক' উপন্যাসের রচয়িতার নাম কী লেখো।
- ঢ) 'বঙ্গের প্রতাপাদিত্য' নাটকটি কে রচনা করেন?
- ণ) 'সবুজ পত্র' কবে প্রকাশিত হয়?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) ফোর্ট উইলিয়াম কলেজ কে কবে প্রতিষ্ঠা করেন?
- খ) ছদ্মনামে লেখা বিদ্যাসাগরের দুটি গ্রন্থের নাম লেখো।
- গ) রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ কাব্যগ্রন্থে 'গতিবাদ' প্রকাশিত হয়েছে? কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।
- ঘ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের 'মরু' নামাঙ্কিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ঙ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মন্দির' গ্রন্থটি কোন্ পুরস্কার লাভ করেছিল এবং কত খ্রিস্টাব্দে?
- চ) বিজন ভট্টাচার্যের প্রথম নাটকটির নাম লেখো। নাটকটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

695/Beng.

[2]

ছ) 'উর্বশী ও আর্টেমিস' কাব্যগ্রন্থটির কবির নামসহ প্রকাশকাল লেখো।

জ) 'প্রবাসী' পত্রিকার সম্পাদক কে ছিলেন? পত্রিকাটি কোন্ শহর থেকে প্রকাশিত হতে শুরু করেছিল?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ইতিহাস নির্ভর উপন্যাসগুলির বিশেষত্ব সংক্ষেপে উল্লেখ করো।

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত বিষয়ক গল্পগুলির রসপরিণাম সম্পর্কে আলোকপাত করো।

গ) মোহিতলাল মজুমদারকে 'ভোগবাদী' কবি বলা যায় কিনা বিচার করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$

ক) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের কৃতিত্ব নিরূপণ করো।

খ) বাংলা কবিতার ক্ষেত্রে "কবিতা" পত্রিকার গুরুত্ব অপরিসীম — আলোচনা করো।

গ) বিশ শতকের প্রথম দুই দশকে রচিত ঐতিহাসিক নাটকগুলির জনপ্রিয়তার কারণগুলি বিশ্লেষণ করো।